দৈনিক বাংলা

তারিখ 25 SEP 1992
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫ ...

18

# চট্টগ্রাম ভার্সিটিতে ২০ হাজার ছাত্রছাত্রীর বর্ণাঢ্য উৎসব

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ চট্টগ্রাম, ২৪ সেপ্টেম্বর।—বিশ হাজার ছাত্রছাত্রীর কোলাহলে পরিপূর্ণ ছিল আজ চট্টগ্রাম ভার্সিটি ক্যাম্পাস। সমাপনী বর্ষের র‍্যাগ ডে'র দ্বিতীয় দিনে ভার্সিটি ছাড়া চট্টগ্রামের বিভিন্ন কলেজ থেকে বহু ছাত্র এ বর্ণাঢ্য উৎসবে যোগ দেয়। রং বেরং—এর পোশাক পরে একে অপরকে রং ছিটিয়ে আনন্দোৎসবে মেতে উঠে তারা। সকাল থেকে ছাত্রছাত্রীরা প্যারোডী গাইতে গাইতে ক্যাম্পাসে জড়ো হতে থাকে। সকাল ১০টায় চাকসু ভবনে 'রক্তদান' অনুষ্ঠানে

(৭—এর পৃঃ ৫—এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

বহু ছাত্রছাত্রী রক্তদান করে। দুপুর একটা থেকে শুরু হয় ব্যান্ডশো। ভার্সিটি খেলার মাঠে বিরাট স্টেজে এই জমজমাট শো অনুষ্ঠিত হয়। বৃষ্টির মধ্যেও অগণিত ছাত্র ছাত্রী এ অনুষ্ঠান উপভোগ করে। ফিড-ব্যাক, স্পার্ক, রুটস এতে সংগীত পরিবেশন করে। ছাত্ররা ঢোল, তবলা, কাঁসা নিয়ে মাঠে গানের তালে তালে নাচতে থাকে। কেউবা বিচিত্র রঙের মুখোশ পরে কৌতুকাভিনয় করে। ভার্সিটির সবুজ প্রান্তর আনন্দে মুখরিত হয়ে উঠে। কোন গোলযোগ ছাড়াই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এই প্রথম র‍্যাড ডে পালিত হলো।